বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

৩৭/এ, দিলকুশা বা/এ, ঢাকা
নিয়োগ শাখা
লাইফ অনুবিভাগ
www.idra.org.bd

স্মারক নং: ৫৩.০৩.০০০০.০৩২.১১.০১৭.১৯.০১

তারিখঃ ০৭ জানুয়ারি ২০২০

বিষয়ঃ বীমা কোম্পানিসমূহের মুখ্য নির্বাহী কর্মকর্তা নিয়োগ/নবায়ন/অপসারণের বিধান যথাযথভাবে পরিপালন প্রসঙ্গে।

সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, অনেক বীমা কোম্পানি তাদের মুখ্য নির্বাহী কর্মকর্তা নিয়োগ প্রদানের ক্ষেত্রে বীমা আইন, ২০১০ এর ধারা-৮০ ও বীমা কোম্পানি (মুখ্য নির্বাহী কর্মকর্তা নিয়োগ ও অপসারণ) প্রবিধানমালা, ২০১২ এর বিধান এবং কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত সার্কুলার নং জিএডি-১৩/২০১৫ এ প্রদত্ত নির্দেশনা যথাযথভাবে পরিপালন না করে লঙ্ঘন করছে, যা বীমা আইনের বিধান অনুযায়ী গুরুতর অপরাধ।

উল্লেখ্য, বীমা আইনের ৮০ ধারা এবং নিম্নে বর্ণিত বীমা কোম্পানি (মুখ্য নির্বাহী কর্মকর্তা নিয়োগ ও অপসারণ) প্রবিধামালার প্রবিধি-৪ এর উপ-প্রবিধি (৫) মোতাবেক পরিচালনা পর্ষদের কোন প্রস্তাবিত ব্যক্তির নিয়োগ প্রস্তাব বা চুক্তির মেয়াদ শেষ হওয়ার পর নিয়োগ নবায়ন প্রস্তাব কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদন না হওয়া পর্যন্ত তিনি ভারপ্রাপ্ত মুখ্য নির্বাহী কর্মকর্তা হিসেবে নিয়মিত দায়িত্ব পালন করে বেতন ভাতাদিসহ অন্যান্য সুযোগ সুবিধা গ্রহণ করতে পারেন না।

> *"প্রবিধি-৪ এর উপ-প্রবিধি (৫): কর্তৃপক্ষ কর্তৃক মুখ্য নির্বাহী কর্মকর্তার নিয়োগ বা, ক্ষেত্রমত, নবায়ন অনুমোদন না করা পর্যন্ত কোন ব্যক্তি উক্ত পদে অধিষ্ঠিত হইতে বা, ক্ষেত্রমত, থাকিতে পারিবেন না"।*

কিন্তু মুখ্য নির্বাহী কর্মকর্তার চুক্তির মেয়াদ শেষ হওয়ার পরও তাকে পরিচালনা পর্ষদ থেকে ভারপ্রাপ্ত মুখ্য নির্বাহী কর্মকর্তা পদে নিয়মিত দায়িত্ব পালনের সুযোগ প্রদানের কারণে তিনি কোম্পানি থেকে যথারীতি বেতন ও ভাতাদিসহ অন্যান্য সুযোগ সুবিধা গ্রহণ করেন, যা অবৈধ ও আইনের লঙ্ঘন এবং মানিলন্ডারিং প্রতিরোধ আইন, ২০১২ এর বিধানের পরিপন্থী। কারণ বীমা আইনের বিধান মোতাবেক মুখ্য নির্বাহী কর্মকর্তার নিয়োগ চুক্তির মেয়াদ শেষ হওয়ার সাথে সাথে আইনগতভাবে পুনরায় চুক্তি না হওয়া পর্যন্ত উক্ত পদে দায়িত্ব পালনের আর কোন সুযোগ থাকে না।

কর্তৃপক্ষের সার্কুলার (নং জিএডি ১৩/২০১৫) এর নির্দেশনা অনুযায়ী বীমা কোম্পানির মুখ্য নির্বাহী কর্মকর্তার চুক্তির মেয়াদ শেষ হওয়া বা চুক্তি বাতিলপূর্বক পদত্যাগ করা বা কোম্পানি কর্তৃক অপসারণ হওয়ার কারণে পদ শূন্য হলে পরিচালনা পর্ষদ কোম্পানির দৈনন্দিন কার্যক্রম পরিচালনার লক্ষ্যে উক্ত শূন্য পদে সংশ্লিষ্ট কোম্পানির মুখ্য নির্বাহী কর্মকর্তার অব্যবহিত নিম্নপদে নিয়োজিত যোগ্যতা সম্পন্ন কর্মকর্তাকে তার বর্তমান দায়িত্বের পাশাপাশি ভারপ্রাপ্ত মুখ্য নির্বাহী কর্মকর্তা হিসেবে অতিরিক্ত দায়িত্ব দিতে পারবেন, তবে এর মেয়াদ ৩ (তিন) মাসের অধিক হবে না।

উল্লেখ্য, বীমা কোম্পানির কোন মুখ্য নির্বাহী কর্মকর্তার নিয়োগ চুক্তির মেয়াদ শেষ হওয়ার পর পরিচালনা পর্ষদের নিয়োগ নবায়নের প্রস্তাব উক্ত প্রবিধানমালার প্রবিধি ৪ এ উল্লিখিত নিয়োগ ও নবায়ন প্রক্রিয়া মোতাবেক কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত চেক লিস্ট অনুযায়ী দলিলাদি দাখিল করার পর যাচাই বাচাই এবং কর্মদক্ষতা বিবেচনাপূর্বক যোগ্য বিবেচিত হলে কর্তৃপক্ষের অনুমোদন প্রাপ্তির পর তিনি পুনরায় বীমা কোম্পানির মুখ্য নির্বাহী কর্মকর্তার দায়িত্ব গ্রহণ করতে পারবেন।

এছাড়া অনেক বীমা কোম্পানিতে একই সাথে 'মুখ্য নির্বাহী কর্মকর্তা এবং ব্যবস্থাপনা পরিচালক' পদ ব্যবহার করে থাকেন, যা বীমা আইন, ২০১০ এর ৮০ ধারার পরিপন্থী। কারণ বীমা আইনে শুধুমাত্র 'মুখ্য নির্বাহী কর্মকর্তা' এর বিধান রয়েছে এবং সে মোতাবেক কর্তৃপক্ষ অনুমোদনও প্রদান করে। 'ব্যবস্থাপনা পরিচালক' পদটি বীমাখাতে শুধুমাত্র বীমা কর্পোরেশন আইন, ২০১৯ এর বিধান অনুযায়ী রাষ্ট্র মালিকানাধীন প্রতিষ্ঠান সাধারণ বীমা কর্পোরেশন এবং জীবন বীমা কর্পোরেশনের ক্ষেত্রে প্রযোজ্য।

এমতাবস্থায়, বীমা গ্রাহকদের যথাযথ স্বার্থ সংরক্ষণের উদ্দেশ্যে এবং স্বচ্ছতার সাথে বীমা ব্যবসা পরিচালনার লক্ষ্যে বীমা কোম্পানিসমূহের পরিচালনা পর্ষদ এবং ব্যবস্থাপনা পর্ষদকে নিম্ন বর্ণিত নির্দেশনাসমূহ কঠোরভাবে পরিপালনের জন্য পুনরায় নির্দেশ প্রদান করা হলঃ

(১) বীমা কোম্পানিসমূহের পরিচালনা পর্ষদ কর্তৃক প্রস্তাবিত মুখ্য নির্বাহী কর্মকর্তা পদে নিয়োগ অনুমোদনের আবেদনপত্র বীমা কোম্পানি (মুখ্য নির্বাহী কর্মকর্তা নিয়োগ ও অপসারণ) প্রবিধানমালা-২০১২ অনুসরণপূর্বক ও বিগত ০৬ ডিসেম্বর ২০১৭ তারিখে কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত চেক লিস্ট অনুযায়ী সকল দলিলপত্রাদি ও তথ্যাদি যথাযথভাবে দাখিল করে অনুমোদন গ্রহণ করার জন্য বলা হল। এছাড়াও মুখ্য নির্বাহী কর্মকর্তা পদে নিয়োগ নবায়নের ক্ষেত্রে নিয়োগ চুক্তির মেয়াদ উত্তীর্ণ হওয়ার অন্যূন ১৫ (পনের) দিন পূর্বে কর্তৃপক্ষের নিকট আবশ্যিকভাবে আবেদনপত্র দাখিল করতে হবে।

(২) বীমা কোম্পানির মুখ্য নির্বাহী কর্মকর্তা নিয়োগের ক্ষেত্রে বীমা আইন, ২০১০ এর ধারা-৮০ ও বীমা কোম্পানি (মুখ্য নির্বাহী কর্মকর্তা নিয়োগ ও অপসারণ) প্রবিধানমালা, ২০১২ এর বিধান এবং কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সার্কুলার নং জিএডি ১৩/২০১৫ এর নির্দেশনা বাধ্যতামূলকভাবে যথাযথ পরিপালন করতে হবে।

(৩) বীমা কোম্পানিতে 'ব্যবস্থাপনা পরিচালক' ব্যতিরেকে শুধুমাত্র 'মুখ্য নির্বাহী কর্মকর্তা' নাম বাধ্যতামূলকভাবে ব্যবহার করার জন্য বলা হল।

অন্যথায় উপরোক্ত নির্দেশনাসমূহ পরিপালনে ব্যর্থ হলে কর্তৃপক্ষ থেকে উক্ত বীমা কোম্পানির বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

07.01.2020

(কামরুল হক মারুফ)
পরিচালক (উপসচিব)

বিতরণ (কার্যার্থে):

১। চেয়ারম্যান, সকল লাইফ ও নন-লাইফ বীমা কোম্পানি;
২। মুখ্য নির্বাহী কর্মকর্তা, সকল লাইফ ও নন-লাইফ বীমা কোম্পানি;
৩। কোম্পানি সচিব, সকল লাইফ ও নন-লাইফ বীমা কোম্পানি।

অনুলিপি (সদয় অবগতির জন্য):

১। প্রেসিডেন্ট, বাংলাদেশ ইন্স্যুরেন্স এসোসিয়েশন;
২। প্রেসিডেন্ট, বাংলাদেশ ইন্স্যুরেন্স ফোরাম;
৩। পরিচালনা পর্ষদের সকল সদস্য, সকল লাইফ ও নন-লাইফ বীমা কোম্পানি;
৪। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ;
৫। সদস্য মহোদয়গণের সহকারী, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ;
৬। অফিস কপি।